



সিডনিতে নটর ডেম অ্যালামনাইয়ের সভা ২৮ সেপ্টেম্বর

-কাউসার খান, সিডনি (অস্ট্রেলিয়া)

অস্ট্রেলিয়ার সিডনিতে আয়োজিত হতে যাচ্ছে ঢাকার নটর ডেম কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলনী। দেশটিতে বসবাসরত প্রাক্তন নটরডেমিয়ানদের নিয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ উপলক্ষে আগামী ২৮ সেপ্টেম্বর এক প্রস্তুতি ও পরিকল্পনা নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। সিডনির গিল্ডফোর্ড কমিউনিটি সেন্টারে স্থানীয় সন্ধ্যা সাড়ে ৬ টায় এ সভা আয়োজিত হবে। এ অনুষ্ঠানের আয়োজন করছে অস্ট্রেলিয়ায় বসবাসকারী নটর ডেম কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন নটর ডেম অ্যালামনাই অ্যাসোসিয়েশন অস্ট্রেলিয়া। অস্ট্রেলিয়াপ্রবাসী সকল নটরডেমিয়ানকে অনুষ্ঠানে উপস্থিত থাকার আমন্ত্রণ জানানো হয়েছে। ফেসবুকের এ লিংকে (facebook.com/groups/NotredamianAlumniAustralia/) নটর ডেম অ্যালামনাইয়ের পুনর্মিলনী সম্পর্কে বিস্তারিত তথ্য জানা যাবে।